

# দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা ওমানকল হোসেন মানিক মিয়া

## সমাজকে ডিজিটাল অটিজম থেকে বাঁচাতে হবে :ঢাবি ভিসি

 ২৯ সেপ্টেম্বর, ২০১৮ ইং ০০:০০ মিঃ

### ইত্তেফাক রিপোর্ট

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেছেন, ভালো-মন্দ না বুঝে অতিমাত্রায় প্রযুক্তি ব্যবহারে আসক্তি বাড়ছে। এই অপব্যবহারের কারণে সমাজের মানুষ ক্রমেই ডিজিটাল অটিজমে আক্রান্ত হচ্ছে। এজন্য সবাইকে সচেতন হতে হবে। আর সচেতনতা তৈরিতে সবচেয়ে বেশি ভূমিকা রাখতে পারেন সাংবাদিকরা। তাই গণমাধ্যমগুলোতে সাইবার সচেতনতার বিষয়গুলো তুলে ধরতে আহ্বান জানিয়েছেন তিনি।

গতকাল শুক্রবার রাজধানীতে সাংবাদিকদের সাইবার সচেতনতা বিষয়ক এক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে ভিসি এসব কথা বলেন। ঢাকাস্থ বরিশাল ডিভিশনাল জার্নালিস্ট অ্যাসোসিয়েশন ও স্বেচ্ছাসেবী সংগঠন সাইবার ক্রাইম অ্যওয়ারেনেস ফাউন্ডেশনের যৌথ আয়োজনে তোপখানা রোডে অবস্থিত বাংলাদেশ শিশুকল্যাণ পরিষদ মিলনায়তনে এই অনুষ্ঠান হয়।

কর্মশালা শেষে সংক্ষিপ্ত আলোচনা ও অংশগ্রহণকারীদের সনদ প্রদানপর্বে সভাপতিত্ব করেন বিডিজিএ'র সভাপতি আমীন আল রশীদ। বিশেষ অতিথি ছিলেন ঢাকা সাংবাদিক ইউনিয়নের সভাপতি আবু জাফর সূর্য। অন্যদের মধ্যে ছিলেন বিডিজিএ'র সাধারণ সম্পাদক শেখ জামাল, সহ-সভাপতি রিশান নাসরুল্লাহ, অর্থ সম্পাদক সানবির রুপল, দপ্তর ও প্রচার সম্পাদক ফাহিম মোনায়েম ও কার্যনির্বাহী সদস্য মো. বুরহানুদ্দিন, সিসিএ ফাউন্ডেশনের সভাপতি কাজী মুস্তাফিজ ও সাধারণ সম্পাদক আব্দুল্লাহ হাসান প্রমুখ।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত